# জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা

| | | |
|---|---|---|
| সভার নাম | : | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিম-এর সভা |
| সভাপতির নাম | : | জনাব আবু হেনা মোঃ মোস্তফা কামাল, জেনারেল ম্যানেজার-প্রশাসন |
| সভার স্থান | : | জেনারেল ম্যানেজার-প্রশাসন এর অফিস কক্ষ |
| সভার তারিখ | : | ০৭-১২-২০২১খ্রিঃ |
| সভার উপস্থিতি | : | সংযুক্ত, পরিশিষ্ট-১। |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে ম্যানেজার-প্রশাসন ও এপিএ ফোকাল পয়েন্ট বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এবং ২০২১-২২ এর খসড়া চুক্তি সভায় উপস্থাপন করেন। সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়ের নির্দেশনা ও ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের অনুমোদনক্রমে অর্থবছর ২০২১-২২ এর জীবন বীমা কর্পোরেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর নিম্নোক্ত ০৫(পাঁচ)টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ইতোমধ্যেই ০৫(পাঁচ)টি টীম গঠন করা হয়েছে:

১. শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি;
২. ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি;
৩. অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি;
৪. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন (সিটিজেন চার্টার)কমিটি এবং
৫. তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

২.০ সভাকে আরও অবহিত করা হয় যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ তাদের গত ২৫-১১-২০২১খ্রিঃ তারিখের ৫৩.০০.০০০০.২১২.৩১.০০৪.২১.২১৫ সংখ্যক স্মারকে নিম্নবর্ণিত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির তথ্য আগামী ৩১.১২.২০২১ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে:

১. হালনাগাদকৃত ২০২০-২১ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন এ বিভাগের ওয়েবসাইট/সিস্টেম হতে সংগ্রহপূর্বক স্ব-স্ব দপ্তর/সংস্থার ওয়েবসাইটে আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে;

২. সফটওয়ারের 'অধিনস্ত ব্যবস্থাপনা' মডিউলের মাধ্যমে মাঠ কার্যালয়সমূহকে সিস্টেমে অন্তর্ভুক্ত করার জন্য টেকনিক্যাল প্রশিক্ষণ প্রদানপূর্বক এপিএ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে; এবং

৩. 'অধিনস্ত ব্যবস্থাপনা' দ্রুত বাস্তবায়নের নিমিত্ত সংযুক্ত ছক মোতাবেক আওতাধীন সকল মাঠ কার্যালয়সমূহের অর্গানোগ্রাম অনুযায়ী কোড নির্ধারণপূর্বক সিস্টেমে অন্তর্ভুক্তির কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

৩.০ এপিএ-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, হালনাগাদকৃত ২০২০-২১ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যেই জীবন বীমা কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সফটওয়ারের 'অধিনস্ত ব্যবস্থাপনা' মডিউলের মাধ্যমে মাঠ কার্যালয়সমূহকে সিস্টেমে অন্তর্ভুক্ত করার জন্য আওতাধীন সংস্থা ও মাঠ পর্যায়ের সংস্থা তৈরীর জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক সরবরাহকৃত কোড বিন্যাস ২০২১ অনুসরণে জীবন বীমা কর্পোরেশনের অধীনস্থ কার্যালয়সমূহের কোড বিন্যাসের খসড়া ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত কোড বিন্যাস সভায় উপস্থাপন করা হয়।

জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা

৪.০ সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ বিস্তারিত পর্যালোচনান্তে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করে:

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর ০৫(পাঁচ)টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট কমিটিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ আরও সক্রিয় হবেন। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে বাস্তবায়ন সংক্রান্ত কমিটিসমূহ আগামী ০৭-০১-২০২২খ্রিঃ তারিখের মধ্যে তাদের ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং প্রতিবেদনের কপি এপিএএমএস সফটওয়ারে আপলোড করার জন্য প্রশাসন বিভাগে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট সরবরাহ করবে।

২. কৌশলগত উদ্দেশ্যেসমূহের ২য় ত্রৈমাসিক অগ্রগতি এপিএএমএস সফটওয়ারে আপলোড করার আগামী ০৭-০১-২০২২খ্রিঃ তারিখের মধ্যে সরবরাহের জন্য প্রশাসন বিভাগ সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরসমূহ বরাবর তাগিদপত্র ইস্যু করবে।

৩. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক সরবরাহকৃত কোড বিন্যাস ২০২১ অনুসরণে প্রশাসন বিভাগ কর্তৃক প্রণীত জীবন বীমা কর্পোরেশনের অধীনস্থ কার্যালয়সমূহের কোড বিন্যাসের খসড়া পর্যালোচনান্তে কমিটি অনুমোদন করে। যা মন্ত্রণালয়ে প্রেরণের সুপারিশ করা হলো।

৫.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় আহবায়ক সকলকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর লক্ষ্যমাত্রা অর্জনে সক্রিয় ভুমিকা রাখার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

08/12/2021

(আবু হেনা মোঃ মোস্তফা কামাল)
জেনারেল ম্যানেজার-প্রশাসন
ও
আহবায়ক, এপিএ টিম

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১. জেনারেল ম্যানেজার (সকল), জীবীক, প্রধান কার্যালয়
২. কমিটির সদস্য (সকল)
৩. ডেপুটি জেনারেল ম্যানেজার (সকল), জীবীক, প্রধান কার্যালয়
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি, জীবীক, প্রধান কার্যালয় (কর্পোরেশনের ওয়েবসাবইটের এপিএ কর্ণারে আপলোডের অনুরোধসহ)
৫. পিএস-টু-ম্যানেজিং ডাইরেক্টর, জীবীক, প্রধান কার্যালয়

# জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সভার উপস্থিতি

সভার তারিখ: ০৭-১২-২০২১খ্রিঃ

সময়: ১১:০০

| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জনাব আবু হেনা মোঃ মোস্তফা কামাল<br>জেনারেল ম্যানেজার, গ্রুপ ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা<br>ও আহবায়ক, এপিএ টিম | 07/12/2021 |
| ০২. | জনাব আববাস উদ্দিন আহমেদ<br>ডেপুটি জেনারেল ম্যানেজার, অর্থ ও হিসাব, প্রধান কার্যালয়, ঢাকা | 07/12/21 |
| ০৩. | শেখ খায়েরুজ্জামান<br>সহকারী জেনারেল ম্যানেজার, মনিটরিং সেল,<br>উন্নয়ন ডিভিশন, প্রধান কার্যালয়,<br>ও সদস্য এপিএ টিম<br>খায়েরুজ্জামান | 7/12/2021 |
| ০৪. | জনাব এ,টি,এম,নজরুল আলম,<br>সহকারী জেনারেল ম্যানেজার-টি/এ<br>সদস্য, এপিএ টিম | 07/12/21 |
| ০৫. | জনাব আবু আবেদ মুহাম্মদ শোয়াইব, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম | 07/12/21 |
| ০৬. | জনাব মোঃ মালেক মিয়া<br>ম্যানেজার-প্রশাসন<br>ও সদস্য সচিব, এপিএ টিম | 07/12/21 |
| ০৭. | জনাব মোঃ ফজলুল ফারুক, ম্যানেজার-উন্নয়ন পরিকল্পনা<br>ও সদস্য সচিব, এপিএ টিম | 07/12/21 |
| ০৮. | জনাব মোঃ ফেরদৌস আলম খান<br>ম্যানেজার-হিসাব একত্রিকরণ<br>ও সদস্য সচিব, এপিএ টিম | 07/12/2021 |
| ০৯. | জনাব মোঃ মাছুদুর রহমান<br>ম্যানেজার, প্রশিক্ষণ/প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা<br>ও সদস্য, এপিএ টিম | 07.12.2021 |
| ১০. | মোঃ মেহেদী হাসান<br>System Analyst, ICTD | 07/12/2021 |
| ১১. | মোঃ হাফিজুর রহমান<br>জুনিয়র অফিসার-প্রশাসন ও<br>সহকারী কর্মকর্তা এপিএ টিম | 07/12/21 |